# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

(মানিলন্ডারিং প্রতিরোধ সেল)

dgmrmd@krishibank.org.bd

Phone: 02-47120513


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/আরএমডি-৩০/মনিটরিং/২০২১-২০২২/১০৬৭ — তারিখ ঃ ০৭-১০-২০২১

অতীব জরুরী

ব্যবস্থাপক
চান্তাই শাখা।
বাংলাদেশ কৃষি ব্যাংক
চট্টগ্রাম (পশ্চিম) অঞ্চল।

বিষয়ঃ হিসাব খোলার ফরমে গ্রাহক পরিচিতি ( Know Your Customer-KYC) যথাযথভাবে পূরণ না করার জন্য ব্যাখ্যা প্রদান ও নতুন ফর্মে KYC পূরন করে অত্র বিভাগে প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। হিসাব খোলার ফরমে সঠিক ও পূর্নাঙ্গরুপে গ্রাহক পরিচিতি গ্রহণ গুরুত্বপূর্ন একটি বিষয়। এতদ বিষয়ে বিভিন্ন সময়ে সুস্পষ্ট নির্দেশনা থাকা স্বত্বেও আপনার শাখায় পরিচালিত সঞ্চয়ী হিসাব নম্বর: ২৯০২-০৩১০০০০২২ হিসাবের নাম ঃ মোঃ মোর্শেদ মিয়া এর হিসাব খোলার ফরম হিসেবে এখন পর্যন্ত ১ পৃষ্ঠার ফরম বিদ্যমান। অথচ গ্রাহকের লেনদেন পর্যালোচনা করে দেখা যায় উক্ত গ্রাহক গত ০৬-১০-২০২১ পর্যন্ত লেনদেন করেছে।

০৩। এমতাবস্থায়, আপনার শাখায় পরিচালিত **সঞ্চয়ী হিসাব নম্বর: ২৯০২-০৩১০০০০২২ হিসাবের নাম ঃ মোঃ মোর্শেদ মিয়া** এর হিসাব খোলার ফরমে KYC ও TP কেন আপডেট করা হয়নি তার সুস্পষ্ট ব্যাখ্যা প্রয়োজন। KYC ও TP আপডেট না করার জন্য আপনাদের বিরুদ্ধে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১) ধারা মোতাবেক কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না তার ব্যাখ্যা প্রয়োজন। উল্লেখ্য, মানিলন্ডারিং সংক্রান্ত বাংলাদেশ গেজেট ফেব্রুয়ারী ২০, ২০১২ এর উপ-ধারা ১ বিধান লংঘন করলে কোন সংস্থা কোন গ্রাহকের হিসাব পরিচালনাকালে গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্নাঙ্গ তথ্য সংরক্ষন না করলে নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক উক্ত সংস্থাকে অন্যূন ৫০(পঞ্চাশ) হাজার টাকা এবং সর্বোচ্চ ২৫(পচিঁশ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করতে পারিবে।

০৪। বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের সার্কুলার নং-২৬ মোতাবেক KYC ও TP নির্ধারিত সময়ের মধ্যে আপডেট না করা আপনার দায়িত্ব পালনে অবহেলা ও অদক্ষতার শামিল। এমতাবস্থায়, আপনার শাখার সঞ্চয়ী হিসাব নং- ২৯০২-০৩১০০০০২২ এর KYC ও TP কেন আপডেট করা করা হয়নি তার সুস্পষ্ট ব্যাখ্যাসহ আপডেটকৃত হিসাব খোলার ফরমটি অত্র পত্র প্রাপ্তির ১(এক) কর্মদিবসের মধ্যে মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ এবং প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO), বিকেবি, প্রকা, ঢাকা বরাবর প্রেরণ করার নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য, জবাব সন্তোষজনক না হলে আপনাদের বিরুদ্ধে প্রশাসনিক ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে।

অনুমোদনক্রমে-

০৭/১০/২০২১

(মোঃ আকতার হোসেন)
উপ- মহাব্যবস্থাপক
এবং
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

অনুলিপি ঃ

০১। CAMLCO ও মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০২। মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।

০৩। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, চট্টগ্রাম (পশ্চিম) অঞ্চল।

০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকাকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।